গিরগিটি করছে জিম!?

লিজার্ড বা গিরগিটি পুশ-আপ করার ন্যায় আচরণ প্রদর্শণ [প্রদর্শন] করে মূলত নিজের শক্তি প্রদর্শন ও প্রতিদ্বন্দ্বীদের সতর্কবার্তা প্রদানের উদ্দেশ্যে।

[সম্পাদনা : লিজার্ড বা গিরগিটি পুশ-আপের মতো করে মূলত নিজের শক্তি প্রদর্শন করতে এবং প্রতিদ্বন্দ্বীদের সতর্ক করে দিতে!

লিজার্ড বা গিরগিটিকে পুশ-আপের মতো করতে দেখা যায়। এভাবে আসলে সে তার শক্তি প্রদর্শন করে এবং প্রতিদ্বন্দ্বীদের সতর্ক করে দেয়!]

জ্যামাইকান অ্যানোল প্রজাতির গিরগিটি প্রতিদিন ভোরে এবং সন্ধ্যায় এই ভিজ্যুয়াল সিগন্যালটি ব্যবহার করে থাকে প্রতিদ্বন্দ্বীদের সতর্ক করতে এবং নিজের শক্তি প্রদর্শন করতে। এছাড়াও, [এ ছাড়াও] তারা সঙ্গীদের দৃষ্টি আকর্ষণ করতেও এমন আচরণ প্রদর্শণ [প্রদর্শন] করে থাকে।

[জ্যামাইকান অ্যানোল প্রজাতির গিরগিটি প্রতিদিন ভোরে এবং সন্ধ্যায় এই ভিজ্যুয়াল সিগন্যালটি ব্যবহার করে থাকে নিজের শক্তি দেখাতে এবং প্রতিদ্বন্দ্বীদের সতর্ক করে দিতে। এ ছাড়াও সঙ্গীদের দৃষ্টি আকর্ষণ করতেও তারা এমনটা করে।]

যেহেতু এই প্রজাতির অধিকাংশ গিরগিটি শব্দ তৈরি করতে পারে না, তাই তারা পুশ-আপ, মাথা দোলানো, গলার নিচের রঙিন ফ্ল্যাপ মেলে [ধরা] ইত্যাদি ভিজ্যুয়াল সিগন্যালের মাধ্যমে যোগাযোগ করে বা দৃষ্ট [দৃষ্টি] আকর্ষণ করে। আমেরিকান ফেন্স লিজার্ড ও ট্রপিক্যাল ইগুয়ানার মতো কিছু লিজার্ডও এই পদ্ধতি ব্যবহার করে দূর থেকে দৃষ্টি আকর্ষণ করে বা যোগাযোগ করে!

[এই প্রজাতির বেশিরভাগ গিরগিটিই শব্দ তৈরি করতে পারে না। তাই তারা পুশ-আপ, মাথা দোলানো, গলার নিচের রঙিন ফ্ল্যাপ মেলে ধরা ইত্যাদি ভিজ্যুয়াল সিগন্যালের মাধ্যমে যোগাযোগ করে বা দৃষ্টি আকর্ষণ করে।]

Credit : CONTENTbible